

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ৪৪.০০.০০০০.৫৬.০৪.০০২.২৫-২৫—আদিষ্ট হয়ে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং-২৮, তারিখঃ-১৮/০৫/২০২১ খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৬(২)(ই)(ঐ)(উ)(চ/৯(৩)/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.৫৬.০৪.০০২.২৫-২৬—আদিষ্ট হয়ে নরসিংদী জেলার বেলাব থানার মামলা নং-১২/৬৩; তারিখ: ২৪/০৪/২০২৪খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামি সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাইমা আফরোজ ইমা  
সিনিয়র সহকারী সচিব।

পুলিশ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.১৭৭—জনাব মোঃ মনিরুল ইসলাম (বিপি-৬৭৯৩০০৭৯৬৮), সহকারী পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা-কে ২৮.০২.২০২৬ খ্রি. তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমসহ ০১.০৩.২০২৬ তারিখ হতে ২৮.০২.২০২৭ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তৌহিফ আহমেদ  
উপসচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা

[প্রজ্ঞাপন]

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ।

নং ১০/২০২৬/কাস্টমস/৮১—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় অবস্থিত বাংলাদেশ পর্যটন করপোরেশন [বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২, তারিখ: ২৫/১১/১৯৮২ খ্রি:] নামীয় শুল্কমুক্ত বিপনী-এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

ক্র.নং	পণ্যের বিবরণ	২০২৫-২৬ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ
১	বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ	৯,৩০,০০০.০০ (নয় লক্ষ ত্রিশ হাজার) মার্কিন ডলার

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুরাইয়া সুলতানা

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৬

প্রজ্ঞাপন।

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ১০.০০.০০০০.১৩০.০৪.০০১.২২-৮২—যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এ বর্ণিত 'অসদাচরণ' ও বিধি ৩(গ)-এ বর্ণিত 'পলায়ন'-এর অভিযোগ আনয়নপূর্বক ০২/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব মোঃ মনিরুল ইসলাম-এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে জনাব মোঃ মনিরুল ইসলাম-কে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং